

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ১৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ ৪ ২৮ আশ্বিন ১৪২১ বঙ্গাব্দ/১৩ অক্টোবর ২০১৪ খ্রিস্টাব্দ

নং গৃগম/পরি-৩/রাজউক-০৯/২০১০ (অংশ-২)/২০৩—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ০৪ জুন ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা জেলার মিরপুর থানার সেনপাড়া পর্বতা মৌজার আরএস দাগ নং ১৩৪০৬ ও ১৩৪০৮ এ অবস্থিত প্লটের ড্যাপে চিহ্নিত Waterbody এর আয়তন ২১.১০ কাঠা হওয়ায় উক্ত প্লটের ড্যাপে

( ১৮৯৭৯ )

মূল্য ৪ টাকা ৪.০০

চিহ্নিত Road Network, Transportation & Communication ও Urban Residential Zone কে অপরিবর্তিত রেখে শুধুমাত্র Waterbody হিসেবে চিহ্নিত অংশের ভূমি ব্যবহার Urban Residential Zone এ পরিবর্তনের অনুমোদন এতদ্বারা প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক

সিনিয়র সহকারী প্রধান।

**বিশেষ দৃষ্টব্য :**

ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তফশিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে।